

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৭০৮

২৫/ আম্বিয়া

পরিচ্ছেদঃ সূলাইমান (আঃ) এর কথা

আরবী

عَنْ أَبِيْ هُرَيْرَةَ قَالَ قَالَ سُلَيْمَانُ بْنُ دَاوُدَ عَلَيْهِمَا السَّلَامِ لَأَطُوفَنَّ اللَّيْلَةَ بِمِائَةِ امْرَأَةٍ تَلِدُ كُلُّ امْرَأَةٍ غُلَامًا يُقَاتِلُ فِي سَبِيلِ اللهِ فَقَالَ لَهُ الْمَلَكُ قُلْ إِنْ شَاءَ اللهُ فَلَمْ يَقُلْ وَنَسِيَ كُلُّ امْرَأَةٍ فَكُمْ يَقُلْ وَنَسِيَ فَأَطَافَ بِهِنَّ وَلَمْ تَلِدْ مِنْهُنَّ إِلَّا امْرَأَةٌ نِصنْفَ إِنْسَانٍ قَالَ النَّبِيُّ عَلَيْ لِي لَوْ قَالَ إِنْ شَاءَ اللهُ لَمْ يَحْنَتْ وَكَانَ أَرْجَى لِحَاجَتِهِ

বাংলা

(২৭০৮) আবৃ হুরাইরা (রাঃ) (নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা ক'রে) বলেন, একদা সুলাইমান (আঃ) বললেন, 'আজ রাতে আমি অবশ্যই আমার একশ'জন স্ত্রীর সাথে মিলন করব। তাতে প্রত্যেকটি স্ত্রী একটি করে পুত্র সন্তান প্রসব করবে, যে আল্লাহর পথে জিহাদ করবে।' ফিরিশতা বললেন, 'আপনি ইন শাআল্লাহ বলুন।' কিন্তু তিনি 'ইন শাআল্লাহ' বলতে ভুলে গেলেন। ফলে তিনি স্ত্রীদের সাথে সহবাস করলেন, কিন্তু তাদের মধ্যে মাত্র একজন একটি অর্ধাকৃতির শিশু ভূমিষ্ঠ করল। মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, সেই সন্তার কসম যাঁর হাতে আমার প্রাণ আছে! তিনি যদি 'ইন শাআল্লাহ' বলতেন, তাহলে (তাঁর আশানুরূপ সন্তান জন্মগ্রহণ করত এবং) তারা সকলে অশ্বারোহী হয়ে আল্লাহর পথে জিহাদ করত।

ফুটনোট

(বুখারী ৫২৪২, মুসলিম ৪৩৭৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন